

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২ ১৪১

বিলোনীয়া, ১১ ডিসেম্বর, ২০২৪

৩ দিনব্যাপী চন্দ্রপুর পর্যটন ও মিলন মেলার উদ্বোধন

বিলোনীয়ার রাজনগরের ডিমাতলিতে গতকাল এক অনুষ্ঠানে ৩ দিনব্যাপী চন্দ্রপুর পর্যটন ও মিলন মেলার উদ্বোধন হয়েছে। মেলার উদ্বোধন করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। মেলার উদ্বোধন করে সভাধিপতি বলেন, এই মেলা সাম্প্রদায়িক সম্প্রীতির এক নির্দর্শন। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জিলা পরিষদের সহকারি সভাধিপতি তপন দেবনাথ, বিধায়ক স্বপ্না মজুমদার, বিধায়ক মাইলাফু মগ, জেলার পুলিশ সুপার অশোক সিনহা ও জেলার অতিরিক্ত জেলাশাসক হেমন্ত দেববর্মা। উপস্থিত ছিলেন বিলোনীয়া মহকুমার মহকুমা শাসক আশিষ বিশ্বাস, জেলা বন আধিকারিক প্রীতম ভট্টাচার্য, সমাজসেবী রঞ্জিত সরকার প্রমুখ। সভাপতিত্ব করেন রাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজিৎ নাথ। স্বাগত বক্তব্য রাখেন রাজনগর ব্লকের বিডিও সৈকত সাহা। চন্দ্রপুর পর্যটন ও মিলন মেলা উপলক্ষে প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
